ভোরের কাগজ

তারিখ ... 17 MAY 2005
পৃষ্ঠা - ৩ ... কলাম - ৮

মঞ্জুরি কমিশনের প্রতিবেদন

# দায়িত্ব পালনে ব্যর্থ প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোর বিরুদ্ধে ব্যবস্থার সুপারিশ

কাগজ প্রতিবেদক : বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের বার্ষিক প্রতিবেদনে উচ্চ স্তরের শিক্ষার্থীদের গবেষণালব্ধ শিক্ষা প্রদান করে দক্ষ জনশক্তিতে রূপান্তরিত করার দায়িত্ব পালনে ব্যর্থ প্রাইভেট বিশ্ববিদ্যালয়সমূহের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়েছে। গত রোববার জাতীয় সংসদে উত্থাপিত বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের বার্ষিক প্রতিবেদনে এই সুপারিশ করা হয়। শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক অধিবেশনে উক্ত প্রতিবেদন উপস্থাপন করেন।

প্রতিবেদনে প্রাইভেট বিশ্ববিদ্যালয়সমূহে নানাবিধ অবস্থা ও অসঙ্গতির উল্লেখ করে বলা হয়, এগুলো দূর করতে উদ্যোক্তাদের আন্তরিকতার অভাব রয়েছে। কমিশন সরকারের কাছে সুপারিশ করে বলেছে, উচ্চ শিক্ষার গুণগতমান নির্ধারণে এবং তা সমুন্নত রাখতে নিরপেক্ষ পদক্ষেপ নিতে হবে।

প্রতিবেদনে বলা হয়েছে, প্রাইভেট বিশ্ববিদ্যালয়সমূহে শিক্ষার্থীরা অধিকহারে বিজ্ঞান বিষয়ে পড়ার সুযোগ পাচ্ছে না। তবে বাণিজ্য শিক্ষায় অধিকাংশ প্রাইভেট বিশ্ববিদ্যালয় সুযোগ অবারিত রেখেছে। এসব বিশ্ববিদ্যালয়ে চাহিদার অনুপাতে শিক্ষা চালু করা সম্ভব হয়নি। নানা বৈপরীত্য ও অসম্পূর্ণতার পাশাপাশি প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে উচ্চ শিক্ষার স্তরে কোনো গবেষণা কার্যক্রম নেই।

প্রতিবেদনে আরো বলা হয়েছে, আইসিটির অভাবনীয় সাফল্যের যুগে বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারগুলোকে ব্যবহারের জন্য যুগোপযোগী করে গড়ে না তোলা হলে অচিরেই উচ্চ শিক্ষার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়গুলোর অগ্রযাত্রা আরো স্থবির হয়ে পড়বে।

প্রতিবেদনে প্রাইভেট বিশ্ববিদ্যালয়সমূহে ছাত্র-শিক্ষকদের আনুপাতিক হারকে সন্তোষজনক নয় বলে উল্লেখ করে বলা হয়েছে এ হার অসামঞ্জস্যপূর্ণ। এতে উল্লেখ করা হয়েছে, দেশে সরকারি ও বেসরকারি উদ্যোগে উচ্চ শিক্ষার ব্যাপ্তি লাভ করেছে সত্য, কিন্তু উচ্চ শিক্ষা বিস্তারের সঙ্গে সঙ্গে উচ্চ শিক্ষার গুণগতমান নিম্নমুখী হতে চলেছে।